**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

**ঢাকা, সোমবার ১২ ডিসেম্বর ২০১৬, ২৮ অগ্রহায়ণ ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। শ্রমিক অধিকার নিশ্চিত ও শিল্পে আরও কর্মসংস্থান সৃষ্টি করুন
: দেশি-বিদেশি উদ্যোক্তাদের প্রতি প্রধানমন্ত্রী

২। ফিলিস্তিনের প্রতি প্রধানমন্ত্রীর অকুণ্ঠ সমর্থন পুনর্ব্যক্ত

৩। নিম্ন আদালতের বিচারকদের আচরণবিধি গেজেটে প্রকাশের প্রয়োজন নেই : রাষ্ট্রপতির সিদ্ধান্ত

৪। জাপান সকল বিধিনিষেধ তুলে নিয়েছে : অর্থমন্ত্রী

৫। পাঁচ লাখ ব্যবসা প্রতিষ্ঠানকে ভ্যাট নিবন্ধনের আওতায় আনতে হবে : অর্থমন্ত্রী

৬। যুদ্ধাপরাধীদের সম্পদ বাজেয়াপ্ত সংক্রান্ত আইনের খসড়ার প্রস্তুতি চলছে : আইনমন্ত্রী

৭। রোহিঙ্গা ইস্যুতে মিয়ানমারকে চাপ দিন
: আন্তর্জাতিক অভিবাসন সংস্থার মহাপরিচালককে স্বরাষ্ট্রমন্ত্রী

৮। বাংলাদেশের সঙ্গে মুক্তবাণিজ্য চুক্তি করতে চায় ফিলিস্তিন : বাণিজ্যমন্ত্রী

৯। ‘সিরাজগঞ্জ এক্সপ্রেস’ নামে ঢাকা-সিরাজগঞ্জ রুটে ট্রেন সার্ভিস উদ্বোধন

১০। এসডিজির লক্ষ্যমাত্রা অর্জনে গণমাধ্যমের ভূমিকা গুরুত্বপূর্ণ

১১। শহরের বস্তি এলাকায় শিশু বিয়ের হার প্রায় ৫৮ শতাংশ : গবেষণা প্রতিবেদন

চলমান পাতা-২

১। **শ্রমিক অধিকার নিশ্চিত ও শিল্পে আরও কর্মসংস্থান সৃষ্টি করুন**
**: দেশি-বিদেশি উদ্যোক্তাদের প্রতি প্রধানমন্ত্রী**

শিল্পে আরও কর্মসংস্থান সৃষ্টি ও শ্রমিক অধিকার নিশ্চিত করতে দেশি-বিদেশি উদ্যোক্তাদের এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। পাশাপাশি তিনি শিল্প মালিকদের শুধু ব্যবসা করার মানসিকতা থেকে বেরিয়ে এসে দক্ষ কর্মী তৈরিতে তাদের প্রশিক্ষণের দিকেও বিশেষভাবে মনোযোগী হওয়ার কথা বলেছেন। শিল্পপতিদের উদ্দেশে প্রধানমন্ত্রী বলেন, নিজ নিজ কারখানায় কর্মপরিবেশ উন্নয়ন, শ্রম অধিকার ও পেশাগত নিরাপত্তা নিশ্চিতকরণ, অধিকসংখ্যক নারী ও প্রতিবন্ধী শ্রমিক নিয়োগসহ শ্রমিকদের জন্য কল্যাণমূলক ব্যবস্থা জোরদার করুন। গতকাল **১১** ডিসেম্বর রোববার রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে দক্ষতা, নিয়োগযোগ্যতা ও শোভন কাজ শীর্ষক সম্মেলনের উদ্বোধন অধিবেশনে প্রধান অতিথির ভাষণে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৪), **অবজারভার** (শেষ পৃ.,ক.১)। **বাংলাদেশ টুডে** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**জনকণ্ঠ, সমকাল, অবজারভার, বাংলাদেশ টুডে, নিউ এজ**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

২। **ফিলিস্তিনের প্রতি প্রধানমন্ত্রীর অকুণ্ঠ সমর্থন পুনর্ব্যক্ত**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ফিলিস্তিনের জনগণের সংগ্রাম ও স্বাধীনতার প্রতি বাংলাদেশের অকুণ্ঠ সমর্থন পুনর্ব্যক্ত করেছেন। তিনি বলেন, বাংলাদেশ সব সময়ই ফিলিস্তিনের জনগণের সংগ্রামকে সমর্থন করেছে এবং তা অব্যাহত থাকবে। গতকাল **১১** ডিসেম্বর রোববার গণভবনে সাক্ষাৎ করতে যাওয়া ফিলিস্তিনের পররাষ্ট্রমন্ত্রী ড. রিয়াদ এন. এ. মালকিকে প্রধানমন্ত্রী এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **প্রথম আলো** (পৃ.২,ক.৪), **অবজারভার** (পৃ.৩,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১),

**অবজারভার, ইন্ডিপেনডেন্ট, সমকাল, প্রথম আলো**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

৩। **নিম্ন আদালতের বিচারকদের আচরণবিধি গেজেটে প্রকাশের প্রয়োজন নেই : রাষ্ট্রপতির সিদ্ধান্ত**

নিম্ন আদালতের বিচারকদের চাকরির শৃঙ্খলা সংক্রান্ত বিধিমালার গেজেট প্রকাশের প্রয়োজন নেই বলে সিদ্ধান্ত দিয়েছেন রাষ্ট্রপতি। গতকাল **১১** ডিসেম্বর রোববার আইন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে এক নোটিস থেকে এ তথ্য জানা যায়। মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব মোশতাক আহাম্মদ স্বাক্ষরিত নোটিসে বলা হয়, ‘বিচার বিভাগীয় কর্মকর্তাদের জন্য পৃথক আচরণ বিধিমালা, শৃঙ্খলা বিধিমালা এবং বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (সার্ভিস গঠন, সার্ভিস পদে নিয়োগ ও বরখাস্তকরণ, সাময়িক বরখাস্তকরণ ও অপসারণ) বিধিমালা-২০০৭ সংশোধনকল্পে সুপ্রিমকোর্টের প্রস্তাবিত খসড়া বাংলাদেশ গেজেটে প্রকাশের প্রয়োজনীয়তা নাই মর্মে রাষ্ট্রপতি সিদ্ধান্ত দিয়েছেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক. ৬), **সংবাদ** (পৃ.১,ক.৪), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৮), **অবজারভার** (শেষ পৃ.,ক.৪)। **সমকাল, নিউ এজ,যায়যায়দিন** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৪। **জাপান সকল বিধিনিষেধ তুলে নিয়েছে : অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, জাপানি নাগরিকদের নিরাপত্তা শঙ্কা কেটে গেছে। জাপান সরকার বাংলাদেশের ওপর থেকে সব ধরনের রিজার্ভেশন ও রেস্ট্রিকশন তুলে নিয়েছে। জাপান বাংলাদেশে নতুন নতুন বিনিয়োগ নিয়ে আসবে। সম্প্রতি জাপান সফর শেষে গতকাল **১১** ডিসেম্বর রোববার সচিবালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে অর্থমন্ত্রী এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৬), **সংবাদ** (পৃ.১,ক.৮), **অবজারভার** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৬)।

৫। **পাঁচ লাখ ব্যবসা প্রতিষ্ঠানকে ভ্যাট নিবন্ধনের আওতায় আনতে হবে : অর্থমন্ত্রী**

আগামী ২০২১ সালের মধ্যে দেশের ৫ লাখ ব্যবসা প্রতিষ্ঠানকে ভ্যাটের আওতায় আনা হবে জানিয়ে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, ভ্যাটের পরিধি আরও বাড়াতে হবে। দেশে ৮০ লাখ ব্যবসা প্রতিষ্ঠান থাকলেও মাত্র ৫০ হাজার ভ্যাট নিবন্ধিত। আগামী ২০২১ সালের মধ্যে ৫ লাখ ব্যাবসা প্রতিষ্ঠানকে ভ্যাট নিবন্ধনের আওতায় আনতে হবে। অর্থাৎ আগামী ৫ বছরে ৫ লাখ ভ্যাট নিবন্ধিত প্রতিষ্ঠানের লক্ষ্যমাত্রা পূরণ করে দেশকে এগিয়ে নিতে হবে। গতকাল **১১** ডিসেম্বর রোববার রাজধানীর আগারগাঁওয়ে নির্মাণাধীন জাতীয় রাজস্ব বোর্ডের নতুন ভবনে জাতীয় ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ উপলক্ষে আয়োজিত ‘রূপকল্প ২০২১ ও রূপকল্প ২০৪১ বাস্তবায়নে ‘ভ্যাটের গুরুত্ব’ শীর্ষক সেমিনার এবং সর্বোচ্চ ভ্যাট প্রদানকারীদের সম্মাননা প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৭,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.৬), **নিউ এজ বিজনেস পাতা** (পৃ.১,ক.২)।

**৬। যুদ্ধাপরাধীদের সম্পদ বাজেয়াপ্ত সংক্রান্ত আইনের খসড়ার প্রস্তুতি চলছে : আইনমন্ত্রী**

সাজাপ্রাপ্ত ও চিহ্নিত যুদ্ধাপরাধীদের সম্পদ বাজেয়াপ্ত করতে এ সংক্রান্ত একটি আইনের খসড়া প্রস্তুতের কাজ চলছে বলে জানিয়েছেন আইনমন্ত্রী আনিসুল হক। একই সঙ্গে সরকার বিচার বিভাগের কোনো বিচারিক কাজেই হস্তক্ষেপ করে না বলে জানান তিনি। গতকাল **১১** ডিসেম্বর রোববার বাংলা একাডেমির অডিটরিয়ামে 'মানুষের জন্য ফাউন্ডেশন' আয়োজিত অনুষ্ঠানে তিনি একথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪), **ইত্তেফাক** (পৃ.৩,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১)।

**৭। রোহিঙ্গা ইস্যুতে মিয়ানমারকে চাপ দিন : আন্তর্জাতিক অভিবাসন সংস্থার মহাপরিচালককে স্বরাষ্ট্রমন্ত্রী**

রোহিঙ্গা সমস্যা সমাধানে মিয়ানমারের ওপর চাপ প্রয়োগের জন্য আন্তর্জাতিক অভিবাসন সংস্থাকে আহবান জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। গতকাল **১১** ডিসেম্বর রোববার সচিবালয়ের নিজ কক্ষে সংস্থাটির মহাপরিচালক লেসি সুইংয়ের সঙ্গে বৈঠককালে তিনি এ আহবান জানান। লেসি সুইংয়ের নেতৃত্বে তিনি সদস্যের প্রতিনিধি দল স্বরাষ্ট্রমন্ত্রীর সঙ্গে দেখা করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.২), **ভোরের কাগজ** (পৃ.১,ক.২), **ইনকিলাব** (পৃ.১,ক.৫)।

**৮। বাংলাদেশের সঙ্গে মুক্তবাণিজ্য চুক্তি করতে চায় ফিলিস্তিন : বাণিজ্যমন্ত্রী**

বাংলাদেশের সঙ্গে বাণিজ্য বাড়াতে ফিলিস্তিন মুক্তবাণিজ্য চুক্তি স্বাক্ষর করতে আগ্রহী বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। গতকাল **১১** ডিসেম্বর রোববার সচিবালয়ে বাণিজ্যমন্ত্রীর সঙ্গে দেখা করে এ আগ্রহের কথা জানান ফিলিস্তিনের পররাষ্ট্রমন্ত্রী ড. রিয়াদ আল মালিকি। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৬), **সংবাদ** (শেষ পৃ.,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৬), **ডেইলি সান** (পৃ.৩,ক.২)।

**৯। 'সিরাজগঞ্জ এক্সপ্রেস' নামে ঢাকা-সিরাজগঞ্জ রুটে ট্রেন সার্ভিস উদ্বোধন**

সিরাজগঞ্জ এক্সপ্রেস নামে নতুন ট্রেন ঢাকা থেকে প্রতিদিন বিকাল ৫ টায় ছেড়ে সাড়ে চার ঘন্টায় সিরাজগঞ্জ পৌঁছাবে। পরদিন সকালে আবার ঢাকার উদ্দেশ্যে ছেড়ে আসবে। গতকাল **১১** ডিসেম্বর রোববার ঢাকা রেল স্টেশনে নতুন কোচ সিরাজগঞ্জ এক্সপ্রেস ট্রেন উদ্বোধন করেন রেলমন্ত্রী মো. মুজিবুল হক। তিনি বলেন, প্রধানমন্ত্রীর নির্দেশে ঢাকা-চট্টগ্রাম রেলপথে বুলেট ট্রেন চালু করার প্রক্রিয়া শুরু হয়েছে। একই সাথে তিনি সিরাজগঞ্জ থেকে বগুড়া পর্যন্ত রেললাইন নির্মাণেরও ঘোষণা দেন। অনুষ্ঠানে প্রধান অতিথি ও বিশেষ অতিথি ছিলেন যথাক্রমে স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম ও প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা এইচ টি ইমাম। সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ.,ক.৬), **সমকাল** (পৃ.২,ক.২)।

**১০। এসডিজির লক্ষ্যমাত্রা অর্জনে গণমাধ্যমের ভূমিকা গুরুত্বপূর্ণ**

এসডিজির লক্ষ্যমাত্রা অর্জন বেগবান করতে গণমাধ্যম গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। প্রধানমন্ত্রীর বিশেষ উদ্যোগ ও এসডিজির লক্ষ্যসমূহ অর্জনে সরকার আন্তরিক। গতকাল **১১** ডিসেম্বর রোববার তথ্য অধিদফতরে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা এবং প্রধানমন্ত্রীর বিশেষ উদ্যোগসমূহ সম্পর্কে প্রিন্ট মিডিয়ার সাংবাদিকদের সঙ্গে এক মতবিনিময় সভায় একথা বলা হয়। প্রধান তথ্য অফিসার এ কে এম শামীম চৌধুরীর সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এসডিজি কার্যক্রমের প্রিন্সিপাল কো-অর্ডিনেটর আবুল কালাম আজাদ। সভায় প্রধানমন্ত্রীর দশটি বিশেষ উদ্যোগ ও এসডিজির **১৭**টি গোল ও **১৬৯**টি টার্গেট নিয়ে বিস্তারিত আলোচনা হয়। সূত্র-**সংবাদ** (শেষপৃ.,ক.৬), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৬), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৪), **নিউ এজ** (পৃ.১১,ক.১)।

**১১। শহরের বস্তি এলাকায় শিশু বিয়ের হার প্রায় ৫৮ শতাংশ : গবেষণা প্রতিবেদন**

শহরের বস্তি এলাকায় এখনও শিশু বিবাহের হার ৫৭ দশমিক ৭ দশমিক শতাংশ। ২০-৪৯ শতাংশ নারীদের ১০ জনের মধ্যে ৬ জনের ১৮ বছরের আগে বিয়ে হয়। কুমিল্লায় শিশু বিয়ের হার সবচেয়ে বেশি ৬৬ শতাংশ এবং সিলেটে শিশু বিয়ে হয় সবচেয়ে কম-৪০ শতাংশ। শহরে সার্বিকভাবে শিশু শ্রমের হার (৫-১৪ বছর) ৮ দশমিক ১ শতাংশ সিটি কর্পোরেশনের বস্তি এলাকায় এই হার বেশি ১৪ দশমিক ৩ শতাংশ। গতকাল **১১** ডিসেম্বর রোববার বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) গবেষণাগ্রন্থের প্রকাশনা অনুষ্ঠানে এমন তথ্য প্রকাশ করা হয়। ইউনিসেফ এ গবেষণায় সার্বিক সহযোগিতা করে। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৭,ক.২), **সংবাদ** (শেষ পৃ.,ক.২), **অবজারভার** (পৃ.১১,ক.৫), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.২)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** পাবনার বেড়া ও সাঁথিয়ার বধ্যভূমিগুলো সংরক্ষণের অভাবে নিশ্চিহ্ন হয়ে যাচ্ছে উল্লেখ করে সারাদেশের চিহ্নিত ২০৪ টি বধ্যভূমি সংরক্ষণে কার্যকর ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

খ. **সংবাদ :** তীব্র খাদ্য সংকটের তিনটি জেলা ও মাঝারি মাত্রার খাদ্য সংকটের **১১**টি জেলার খাদ্যশস্য উৎপাদন বাড়ানোর পথের সব প্রতিবন্ধকতা দূর করাসহ প্রয়োজনে এ অঞ্চলে কৃষি প্রযুক্তিখাতে ভর্তুকির ব্যবস্থা করার আহ্বান।

গ. **প্রথম আলো :** দেশে চালু সাড়ে ছয় হাজার অ্যাম্বুলেন্সের বেশির ভাগ ব্যক্তিমালিকানায় থাকা প্রমাণ করে এই ক্ষেত্রে আইন পুরোপুরি অকার্যকর বলে মন্তব্য করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে এ ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঘ. **সমকাল :** ক্ষুদ্র ও মাঝারি শিল্প খাতে খেলাপি ঋণের হার ৩৫ শতাংশ বেড়ে যাওয়ায় এ শিল্পের প্রসারের জন্য যেসব অঙ্গীকার ও আশাবাদ ব্যক্ত করা হয়, কেন্দ্রীয় ব্যাংককে তা কার্যক্ষেত্রে প্রতিফলন ঘটাতে উদ্যোগী হওয়ার আহ্বান।

ঙ. **যুগান্তর :** রংপুর সরকারি খাদ্য গুদাম থেকে চারশ' টন চাল গায়েব হয়ে যাওয়ার ঘটনায় তদন্ত কমিটি গঠন করে ভালভাবে তদন্ত করে সে অনুযায়ী দায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

চ. **ইনকিলাব, সংবাদ :** আবাসিক খাতে ১৭ শতাংশ হারে এবং বাণিজ্যিক খাতে ১৩ শতাংশ হারে ওয়াসার পানির অযৌক্তিক দাম বৃদ্ধির বিষয় তুলে ধরে জনস্বার্থে ওয়াসাকে এ সিদ্ধান্ত বাতিলের আহ্বান।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** চা শিল্প খাতের উন্নয়নে বাণিজ্য মন্ত্রণালয়ের নেওয়া ১৫ বছরব্যাপী চার পর্যায়ের উন্নয়ন কর্মপরিকল্পনার সফল বাস্তবায়নের প্রত্যাশা।

জ. **ডেইলি সান :** বছরের শুরুতে প্রতি বছর বাড়িওয়ালাদের বাড়ি ভাড়া বাড়ানোর প্রবণতা প্রতিরোধে হাউস রেন্ট কন্ট্রোল অ্যাক্ট কঠোরভাবে প্রয়োগের সুপারিশ

ঝ. **ডেইলি স্টার :** যৌতুকের কারণে প্রতিনিয়ত নারী নির্যাতনের ঘটনা চলতে থাকায় এ অনৈতিক কার্যকলাপ প্রতিরোধে সামাজিক সচেতনতা বাড়াতে পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঞ. **নিউ নেশন :** বাল্য বিয়ের সাথে কম ওজনের শিশুর জন্ম ও অপুষ্টি জড়িত থাকায় অল্প বয়সী মেয়েদেরকে এ বিষয়ে সচেতন করার উদ্যোগ নেওয়ার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে নারীর নিরাপত্তা নিশ্চিত করার স্বার্থে বিয়ের ওপর নজরদারি করতে রাষ্ট্রের এগিয়ে আসা প্রয়োজন বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত **'প্রয়োজন শিশু মানস উপযোগী বই'** শিরোনামের নিবন্ধে ড. মুহাম্মদ মাহবুব আলী ৫০% ইংরেজি মাধ্যম স্কুলে ও অধিকাংশ মাদ্রাসায় জাতীয় সঙ্গীত গাওয়া হয় না বলে উল্লেখ করে যথাযথ কর্তৃপক্ষ এ ব্যাপারে বাস্তবসম্মত পদক্ষেপ নেবেন বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ডালিয়া/শুকলা/মরজিনা/রশীদ/তানিয়া/২০১৬/৯.০০ ঘণ্টা